


এই পরিষেবা মূলত কৃষি, স্বাস্থ্য, পরিবেশ, বাস্তববিদ্যা বিষয়ক মুদ্রণযোগ্য মাসিক তথ্য পরিষেবা। পশ্চিমবঙ্গ, আসাম, ত্রিপুরা, বাংলাদেশ সহ বাংলা ভাষাভাষী অঞ্চলের দুই শতাধিক পত্রপত্রিকা এই তথ্য প্রকাশ করে। বার্ষিক চাঁদা দিয়ে গবেষক, ছাত্র, সাংবাদিক, স্বেচ্ছাসেবী সংস্থা সহ আগ্রহীরা গ্রাহক হতে পারেন।

# সংবাদ

ফেব্রুয়ারি ২০১৪



## কলির গঙ্গা

১৯/১১০

রুদ্রপ্রয়াগ ও দেবপ্রয়াগের গঙ্গায় কলিফর্ম ব্যাকটেরিয়া সহনশীলতার মাত্রা ছাড়িয়েছে। গঙ্গার জল দ্রুত কমছে। দূষণ কমায় যা প্রধান বাধা। বিশেষজ্ঞ বলছেন, সমাধানের উপায় তিনটি-জলের প্রবাহ বাড়ানো, অপরিশোধিত ময়লা নদীতে ফেলা কমাতে নিয়মের রদবদল, শিল্লের বর্জ্য ফেলা বন্ধ করতে কর্ঠোর ব্যবস্থা। রাজীব গান্ধী গঙ্গা অ্যাকশন প্ল্যানের সূচনাবর্ষ ১৯৮৬, আর এখন ২০১৪।

## ...রক্ষা করো !!

১৯/১১১

পরিবেশ সমস্যা প্রশমনে ভারতের স্থান ১৭৮ দেশের ভেতর ১৫৫। চিনের স্থান ১১৮, ব্রাজিল ৭৭, রাশিয়া ৭৩ ও দক্ষিণ আফ্রিকা ৭২। বায়ু দূষণের ক্ষেত্রে ভারতের স্থান বিশ্বে পঞ্চম। বায়ু দূষণে প্রতিবেশী চিন-পাকিস্তানের অবস্থান ভারতের নীচে। ২০১৪-র এনভায়রনমেন্ট পারফরমেন্স ইনডেক্স অনুযায়ী এই তথ্য।

## মিঠে কড়া

১৯/১১২

চিনি মেশা পানীয়, মিষ্টান্ন, কেক জাতীয় খাবারদাবার হৃদরোগে মৃত্যুর শঙ্কা বাড়ায়। দশ শতাংশ ক্যালোরি গ্রাহকের তুলনায় দশ থেকে পঁচিশ শতাংশ ক্যালোরি গ্রাহকের হৃদরোগে মৃত্যুর হার বেশি। আর যেখানে খাদ্যে চিনির পরিমাণ পঁচিশ শতাংশের বেশি সেখানে ঝুঁকি ছিল তিনগুণ। কুড়ি বছর ধরে তিরিশ হাজারেরও বেশি পূর্ণবয়স্কের স্বাস্থ্য ও মৃত্যুহার সমীক্ষা করে একদল গবেষকের এই সিদ্ধান্ত।

## পানি ফল

১৯/১১৩

এক লিটার বোতল জল তৈরিতে অপচয় দেড় লিটারের কম জল। অফিস, অনুষ্ঠান-বাড়ির বড় বোতলের জল খরচে এই অপচয় অনেক বেশি। এমন ছবি সদ্যতন সমীক্ষার। তবে প্রথম বাক্যে প্রসন্ন ইন্টারন্যাশনাল বটল্ড ওয়াটার অ্যাসোসিয়েশন।

## থাম!

১৯/১১৪

হরিয়ানার জিন্দ জেলার চোদ্দটি গ্রামের ক্ষেত থেকে কীটনাশক হঠানোর শপথ। বাছা দুশো চারটি কীটের ভেতর চাষিরা আলাদা করেছে নিরামিষ ও আমিষভুক কীটকে। খোঁজ রাখছে প্রতি দু সপ্তাহ অন্তর ক্ষেতে নতুন কীট এল কিনা। তাদের



সমীক্ষা বলছে, আমিষ কীট নিরামিষ কীটদের খেয়ে সাফ করে এবং যখন আর তাদের খাবার জোটে না তারা ক্ষেত ছেড়ে পালায়। এইভাবেই তারা ওখানে পোকা থেকে ফসল রক্ষা করে চলছে।

## ফিরে এস শাহবাগ

১৯/১১৫

বাংলাদেশে কৃষক, ক্রেতা, বিজ্ঞানী, মানবী চেতনা প্রমুখের একশো সংগঠন, বিটি বেগুনের বিরুদ্ধে ওদেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সরব হওয়ার আর্জি। ভারতে বিটি বেগুন চাষে নিষেধাদেশ বহাল আছে। অণুজীববিদ তুষার চক্রবর্তীর শঙ্কা, বাংলাদেশে বিটি বেগুনের চাষ হলে ভারতেও সেই বিপদ ছড়িয়ে পড়তে পারে।

## প্রতিশ্রুতি

১৯/১১৬

বিশ্বজুড়ে ধান, গম ও ভুট্টার ফলন কমছে। এই পরিমাণ প্রায় একত্রিশ শতাংশ। ১৯৮১-২০০০ পর্বে ফলন বাড়ার বদলে কমেছে। কমেছে কৃষি গবেষণা, উন্নয়ন ও শিক্ষায় বিপুল বিনিয়োগ সত্ত্বেও। এসব জানাচ্ছে হালের নেচার কমিউনিকেশনস জার্নাল। তবে রাষ্ট্রসংঘের বিশেষজ্ঞ বলেছেন টেকসই, ছোট আকারে জৈব চাষ এর সুরাহা।

## ছাড় পত্র

১৯/১১৭

পরিবেশ-ছাড়পত্র নিয়মবিধিতে বদল। প্রজেক্ট অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল ইন্ডিয়ান শঙ্কা, এর ফলে খনন সহ বিভিন্ন শিল্পে সম্প্রদায়-গোষ্ঠীর অধিকার লঙ্ঘন করা হবে। এই ঘোষণা গেল ডিসেম্বরের। ঘোষণায় পরিবেশ মন্ত্রক বলে, বিশেষ মাপের ইট ভাটা ও নদীর থেকে বালি তোলার জায়গায় গণ-শুনানি ও পরিবেশে তার প্রভাব বিচার আর বাধ্যতামূলক হবে না। জীবন ও জীবিকার নিরাপত্তার জন্য গণ-শুনানি অন্যতম হাতিয়ার।

## কিন্তু !

১৯/১১৮

কর্ণাটকের আর্টটি এনজিও-র মিলিত কোম্পানি। নাম সেফ হারভেস্ট প্রাইভেট লিমিটেড। উদ্দেশ্য দক্ষিণ কর্ণাটকের অনুগ্রসর ও প্রান্তবাসী প্রান্তিক ও ভূমিহীন চাষীদের রাসায়নিক সার ও কীটনাশক-মুক্ত চাষে ফেরানো ও ফলন শহরের মল ও সুপার মার্কেটে বিপণনের উদ্যোগ নেওয়া। এখন অব্দি এই কাজের মাধ্যমে ক্ষুদ্র চাষির আয় পনেরো থেকে কুড়ি শতাংশে পৌঁছেছে। তবে এই কাজে এন জি ও কেন সেই তর্কও উঠছে।

## অরুণবাবুর জয় !

১৯/১১৯

বিশ্বের সবচেয়ে শক্তিশালী সৌরবিদ্যুৎ কেন্দ্র। বিদ্যুৎকেন্দ্র রাজস্থানে। এই জন্য নেওয়া হবে ৭৭ বর্গকিলোমিটার জায়গা। জায়গাটা রাজ্যের সম্ভ্র সল্টলেকের কাছে। এই কেন্দ্রের উৎপাদন ক্ষমতা হবে চারশো মেগাওয়াট। কেন্দ্র তৈরির পেছনে ছয় সরকারি উদ্যোগ। কেন্দ্র তৈরি হতে সময় লাগবে সাত বছর। আশা, এর ফলে বছরে চল্লিশ লক্ষ মিলিয়ন টন কার্বন-ডাই-অক্সাইড নিঃসরণ কমানো যাবে।

## বীরোচিত

১৯/১২০

কেন্দ্রীয় বন ও পরিবেশ মন্ত্রী বীরাপ্পা মৌলির অবাধ পরিবেশ-ছাড়পত্র। ছাড়পত্র একশোর বেশি প্রকল্পকে। এই প্রকল্প আটকে ছিল শ্রীমতী নটরাজন পর্বে। পরিবেশ স্বার্থ আস্তাকুঁড়ে ফেলে মন্ত্রী কর্পোরেটকে তুষ্ট করছেন, গ্রিনপিস এখন এমন অভিযোগ করছে।

## NO FORMALITY

১৯/১২১

খাবারের মোড়ক, মজুত ও প্রক্রিয়াকরণে মারণ-রাসায়নিক। রাসায়নিকের নাম ফরমালডিহাইড। ফরমালডিহাইড ক্যানসার বাহক। এই সাবধানবাণী পরিবেশ বিজ্ঞানীকুলের। সাবধানবাণী বেরিয়েছে জার্নাল অফ এপিডেমায়োলজি অ্যান্ড কমিউনিটি হেলথ-এ।

## নিউক্লিয়ার পাওয়ার

১৯/১২২

একান্তবর্তী ভেঙে ছোট পরিবার বাড়ছে। বাড়ছে একা থাকার বাসাবাড়ি। ফলে ইমারতি দ্রব্য-জল-মাটি-শক্তিসহ প্রভৃতি সম্ভারের বিপুল ক্ষয়।

## সেকেন্ড ব্র্যাকেট

১৯/১২৩

শিশুর নামী ব্র্যান্ডের জামা-জুতোয় বিপজ্জনক বিষ। এমন খবর এক সদ্যতন সমীক্ষায়। সমীক্ষা করেছে গ্রিন পিস ইন্টার-ন্যাশনাল।

## হাঃ তি

১৯/১২৪

২০০২-০৩-র ভেতর মধ্য আফ্রিকায় ৬৫ শতাংশ হাতি মারা পড়েছে। মারা পড়ার কারণ চোরাকারিকার। আফ্রিকায় পাঁচ দেশে দৈনিক প্রাণ যাচ্ছে ষাট হাতির। এমন চললে হাতির লোপ হয়ে যাওয়া কেউ কেউ জীবৎকালেই দেখতে পাবেন। এমন জানিয়েছেন ওয়াইল্ড লাইফ কনজারভেশন সোসাইটির ড. জন রবিনসন।

## তাল কানা

১৯/১২৫

তেল কোম্পানিকে জরিমানা। জরিমানা ইন্দোনেশিয়ায়। জরিমানা ইন্দোনেশিয়ার আদালতে। এই কোম্পানি তালজাতীয় গাছ থেকে তেল বানায়। বানায় পাম ওয়েল। এই কোম্পানির নাম পি টি কালিস্টা আলম।

এই কোম্পানি তেল বানাতে গিয়ে ইন্দোনেশিয়ার ট্রিপা পিট ফরেস্ট-এর বড় অঞ্চল পুড়িয়ে দিয়েছে। এই অঞ্চল সুমাত্রার লিউকার ইকোসিস্টেম-এর আওতায়। এই অঞ্চল পৃথিবীর সেই একমাত্র অঞ্চল যেখানে হাতি-বাঘ-গন্ডার -ওরাংওটাং একসঙ্গে থাকে। কালিস্টাকে আদালত ১১৪.৩ বিলিয়ন অর্থ রুপিয়া ক্ষতিপূরণ বাবদ দিতে বলেছে। সঙ্গে বাজেয়াপ্ত করেছে কোম্পানির পোড়া জঙ্গল ও অর্থ প্রদানে বিলম্বে দিন প্রতি ৫ বিলিয়ন রুপিয়া। রুপিয়া ওদেশের টাকা। এই খবর আছে ডব্লুডব্লুডব্লু এনস নিউজওয়ার. কম-এ।

## অনুগ্রহ করে শুনবেন

১৯/১২৬

আলাস্কার ব্রিস্টল উপসাগরে সালমন মাছের বিপদ। এই উপসাগর সালমন উৎপাদনে পৃথিবীতে সবচেয়ে বড়, আর বিপদের কারণ সাগর থেকে দেদার সোনা-তামা তোলা।

এই সোনা-তামা তুলে সাগরের ৯৪ মাইল অঞ্চলের ক্ষতি হবে, ক্ষতি হবে সাগর বাদে ৫,৩০০ একর জলাভূমি, হ্রদ ও পুকুরের। খনি সামগ্রীর জলযান-বহনে লাগবে ৮-৬ মাইল যা সালমন-বাসের আরো ৫৫ খাঁড়ির ক্ষতি করবে। এসব বলছে মার্কিন এনভায়রনমেন্ট প্রটেকশন এজেন্সি। ওদিক খনি সমর্থকরা এই রিপোর্ট শুনে নারাজ। যদিও এপিএ এখনি কিছু করবে না বলে জানিয়েছে।

## তেমাথা

১৯/১২৭

সুন্দরবনের জীবিকায় জলবায়ু প্রভাব মাপতে তিন দেশ। এই তিন দেশ ভারত-বাংলাদেশ-ব্রিটেন। গবেষক সংখ্যা ৫০। প্রকল্পের নাম ইকোসিস্টেম সার্ভিসেস ফর পভার্টি অ্যালিভিয়েশন। দেখা হচ্ছে জনগোষ্ঠীর বাস্তুতন্ত্র-নির্ভর সহযোগ, স্বাস্থ্য ও ভালো থাকার ওপর জলবায়ু বদলের প্রভাব কতটা। কতটা প্রভাব আগামী ৫০-৬০ বছরে। খবর দিল [www.timesofindia.com](http://www.timesofindia.com)।

হাঙর রক্ষায় নাস্তি। হাঙর নিয়ে পাটোয়ারি চুক্তি। এই চুক্তি গোপনে। এই চুক্তিতে ১২ প্রশান্ত মহাসাগরীয় দেশ। যার ভেতর আমেরিকাও আছে। আর ওবামা দিয়েছেন হাঙর শিকারকে ব্যবসায়ে সর্বাগ্রে স্থান। ওদিকে হাঙর রক্ষা নিয়ে ব্যাঙ্কের এক সদ্য চুক্তি ছিল। চুক্তি মাফিক হাঙর রক্ষা হবে এমন কথাই সবাই ভেবেছিল।

## চায় না টাউন

১৯/১২৯

চিন সরকারের দেশে ১৫ নতুন কয়লাখনির অনুমতি। এই ১৫ খনি থেকে বছরে ১০০ মিলিয়ন টন নতুন কয়লা উঠবে। যা ওদেশের কয়লা উৎপাদনে যোগ করবে দুই থেকে তিন শতাংশ বৃদ্ধি। যদিও তীব্র বায়ু দূষণের দরফন নতুন খনি না হওয়ার পক্ষে ওদেশের প্রধান শহরগুলোর বাসিন্দারা।

৪

সরকারের প্রতিশ্রুতি, কয়লা তৈরির পুরোনো প্লান্ট বাতিল করা হবে, প্লান্ট সরিয়ে নেওয়া হবে চিনের উত্তর-পশ্চিম সীমান্ত এলাকায়।

## ন তু ন | ব ই

খাওয়ার আইন। সবাই খাওয়ার আইন-খাদ্য  
সুরক্ষা আইন। তবে আইন করে সবাই  
খাবার পাবে কি পাবে না তা নিয়ে দোলাচল  
বার্তাজীবী - সমাজব্রতী - অর্থশাস্ত্রী সমাজে।  
এই বইতে এমনই যুক্তিবাণে ১০ চিস্তক ১০  
নিবন্ধে, একেবারে জঁ দ্রেজ থেকে  
দেবিন্দর শর্মা।  
তৎসহ আইনের কথাসার।



১/১৬ ডিমাই সাইজ। হোয়াইটপ্রিন্ট। ৬৮। ৫০ টাকা

ডি আর সি এস সি

২৪৭৩৪৩৬৪ || ২৪৪২৭৩১১ || ৯৪৩৩৫১১১৩৪  
drcsc.ind@gmail.com || drcsc@vsnl.com ||

